

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 10-10-2024**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) দেশের বিভিন্ন প্রান্তের সাথে আজ সারা রাজ্যে  
উৎসাহ-উদ্দীপনার সাথে উদযাপিত হচ্ছে শারদীয়  
দুর্গোৎসব।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুদিনের সফরে আজ লাওসের  
ভিয়েনতিয়েনে পৌঁছেছেন।
- (৩) কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় করের অংশ হিসাবে আজ  
ত্রিপুরাকে দিয়েছে ১ হাজার ২৬১ কোটি টাকা।
- (৪) হায়দ্রাবাদে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১১ বছরের জাতীয় দাবার  
আসরে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস চতুর্থ  
স্থান দখল করেছে।

\*\*\*\*\*

**Durga Puja :**

দেশের বিভিন্ন প্রান্তের সাথে আজ সারা রাজ্যে উৎসাহ-উদ্দীপনার  
সাথে উদযাপিত হচ্ছে শারদীয় দুর্গোৎসব। পুজোর আজ প্রথম  
দিন - আজ মহা সপ্তমী। দুর্গাপুজো হিন্দু বাঙালীদের প্রধান  
ধর্মীয় উৎসব হলেও কালের যাত্রাপথে দুর্গোৎসব সংস্কৃতির  
উৎসবও। এরাজ্যও জাতি জনজাতি ও বিভিন্ন ধরনের মানুষ  
আজ দুর্গোৎসবে অংশ নিচ্ছেন। ধর্ম বর্ণ সম্প্রদায় নির্বিশেষে  
মানুষের মেলবন্ধনে দুর্গাপুজো উৎসব অন্য মাত্রা পেয়েছে।

আজ সপ্তমী পুজোর দিনে রাজ্যের বিভিন্ন প্রান্তে উৎসবমুখর মানুষের ভিড় ছিল চোখে পড়ার মত। সকালে আগরতলার ধলেশ্বর রামকৃষ্ণ মিশন সহ বিভিন্ন পুজো মন্দিরে ও মণ্ডপে ধর্মীয় আচার মেনে, পুরোহিতের মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে দেবীর কাছে পুস্পাঞ্জলী নিবেদন করে শুরু হয় সপ্তমী পুজো।

# ##### Byte#####

\*\*\*\*\*

### Durga Puja-Saptami :

আলোর রোশনায় সেজে উঠেছে গোটা রাজ্য। আজ সন্ধ্যার পর থেকে রাজধানী আগরতলা সহ রাজ্যের সর্বত্র মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় শুরু হয়েছে। রাজধানী আগরতলার পূজা দেখতে ট্রেনে করেও অন্যান্য জেলার দর্শনার্থীরা আগরতলায় আসছেন। আগরতলার দুর্গাবাড়িতে ঐতিহ্য মন্তিত শারদীয়া দুর্গাপুজো দেখতে সকাল থেকেই প্রচুর পুন্যার্থীর সমাগম ঘটেছে।

আগরতলার প্রভুবাড়িতেও বহু প্রাচীন রীতি অনুযায়ী দুর্গাপূজার আয়োজন করা হয়েছে।

এদিকে আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার বহু পুরোনো পারিবারীক দুর্গাপূজা এবছরও ধূমধামের সঙ্গে আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

### Durga Puja-Khowai, Gomoti, South :

খোয়াই জেলার দুটি মহকুমার পাঁচটি থানা এলাকায় এবছর দুর্গাপূজো হচ্ছে ৩৩৬টি। দুর্গাপূজো উপলক্ষে জেলার আরক্ষা দপ্তর ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা করেছে।

আমাদের জেলা সংবাদদাতা আশীষ চক্রবর্তীকে খোয়াই জেলার অতিরিক্ত পুলিশ সুপার প্রবীর পাল জানিয়েছেন, পুজোতে আইন

শৃঙ্খলা রক্ষায় এই জেলাতে চার শতাধিক অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। দুই মহকুমার বিভিন্ন স্থানে খোলা হয়েছে পুলিশ সহায়তা কেন্দ্র। বড় পুজো প্যান্ডেল গুলোর চারদিক জুড়ে সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে। নজরদারিতে রয়েছে সাদা পোশাকের পুলিশ। খোয়াই ও তেলিয়ামুড়া শহরে প্রয়োজন অনুসারে নো-এন্ট্রির ব্যবস্থা রাখা হয়েছে।

এদিকে, গোমতি জেলার অতিরিক্ত পুলিশ সুপার সৌভিক দে আমাদের জেলা সংবাদদাতা শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, এবছর গোমতি জেলায় তিনটি মহকুমার ১১টি থানা এলাকায় ৪১২টি ক্লাব পূজার আয়োজন করেছে। তাছাড়াও পারবারিক কিছু পূজা হচ্ছে জেলার তিনটি মহকুমায়। জেলায় দূর্গা পূজা উপলক্ষ্যে শান্তি শৃঙ্খলা রক্ষা করার লক্ষ্যে জেলা পুলিশ প্রশাসন সব ধরনের প্রস্তুতি নিয়েছে। জেলার তিনটি মহকুমায় ২০টির বেশি ড্রপ গেইট বসানো হয়েছে। সিসিটিভি বসানো হয়েছে ২৪টি। ওয়াচ টাওয়ার বসানো হয়েছে ৮টি। এদিকে গোমতি জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, উদয়পুর শহরে আজ থেকে আগামী ১৩ই অক্টোবর পর্যন্ত বিকেল পাঁচটা থেকে রাত ২টা পর্যন্ত ঘান বাহন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। উদয়পুর পুর পরিষদ এলাকায় ড্রপ গেইট বসানো হয়েছে ১৫টি। নো-এন্ট্রি পয়েন্ট বসানো হয়েছে ১২টি জায়গায়।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়ের নিজ বাড়ি উদয়পুর গিরিধারী বাড়িতেও শান্তীয় মতে দূর্গা পূজা হচ্ছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুদিনের সফরে আজ লাওসের ভিয়েনতিয়েনে পৌঁছেছেন। তিনি সেখানে ২১তম আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলন এবং ১৯তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। লাওসের প্রধানমন্ত্রী সোনেঞ্চে সিফানডোনের আমন্ত্রণে

ভিয়েন্টিয়েনের সফরে গেলেন প্রধানমন্ত্রী শ্রী মোদি। তিনি আসিয়ান দেশগুলির সরকার প্রধানদের সঙ্গে ভারত ও আসিয়ানের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করবেন।

\*\*\*\*\*

**Ratan Tata :**

মহারাষ্ট্রের ওরলিতে আজ বিশিষ্ট শিল্পপতি রতন টাটার শেষকৃত্য পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়। উল্লেখ্য, গতকাল মুম্বইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

\*\*\*\*\*

**CM-Kailashahar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ কৈলাশহরের শ্রীরামপুর সংহতি সার্বজনীন দুর্গাপূজা মণ্ডপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যকে "এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা", প্লাষ্টিকমুক্ত ও নেশামুক্ত হিসাবে গড়ার লক্ষ্যে সরকার কাজ করছে। স্বাস্থ্য, শিক্ষা, পর্যটন সবক্ষেত্রেই ত্রিপুরার বিকাশ হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উন্নয়নের দিশায় ত্রিপুরা এগিয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। বক্তব্য রাখেন, শ্রমমন্ত্রী টিংকু রায়।

\*\*\*\*\*

**Durga Puja-Gomoti, South :**

প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল রাতে উদয়পুরে বেশ কয়েকটি পূজা মণ্ডপের উদ্বোধন করেন। সঙ্গে ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়।

আজ সকালে আঠারোভোলা বাজারে জনজাতিদের আয়োজিত দুর্গাপূজা মণ্ডপের উদ্বোধন করেন বিধায়ক রামপদ জমাতিয়া।

দক্ষিন জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা আজ আমাদের জেলা সংবাদদাতা বিপ্লব বৈদ্যকে জানিয়েছেন,

শারদোৎসবের উৎসবের দিনগুলোতে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সমস্ত রকমের প্রস্তুতি নিয়েছে আরক্ষা প্রশাসন। দক্ষিণ জেলার তিনটি মহকুমায় ২৪৯টি বারোয়ারী পূজা হচ্ছে এবার। পূজার দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে জেলার বিভিন্ন জায়গায় রয়েছে ড্রপ গেইট, নো-এন্টি জোন, বসানো হয়েছে পুলিশ পিকেট, সিসি ক্যামেরা, জেলার গুরুত্বপূর্ণ জায়গাগুলিতে তৈরি করা হয়েছে ওয়াচ টাওয়ার।

\*\*\*\*\*

#### **Puja-No Entry :**

দুর্গাপুজো উপলক্ষ্যে আজ থেকে ১৩ই অক্টোবর পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন স্থানে নো-এন্টি শুরু হয়েছে। প্রতিদিন সন্ধ্যা ৫টা থেকে রাত ১টা পর্যন্ত থাকবে নো-এন্টি। নো-এন্টি চলাকালে বাস এবং যাত্রীবাহী গাড়িগুলি গোর্ধাবস্তির পল্লিত নেহেরু অফিস কমপ্লেক্স, রামনগর টিওপি'র কাছে দুর্গাচৌমুহনী ব্রিজের উত্তরাংশ, আখাউড়া রোডে ত্রিনয়নী ক্লাব সংলগ্ন ক্রসিং, নাগেরজলা বাস টার্মিনাল, এডিনগর ড্রপগেট এলাকায় পার্ক করা যাবে। তাছাড়া প্রতাপগড় বেইলী ব্রিজ, চন্দমোহন সেতুর দক্ষিণাংশ, রামঠাকুর বয়েজ স্কুল ব্রিজ, গাঞ্চীস্কুল/এমবিবি কলেজ এলাকা, চন্দপুর মসজিদের কাছে, জিবি ক্যান্সার হাসপাতালের কাছেও ঘানবাহন পার্ক করা যাবে।

\*\*\*\*\*

#### **Share of Tax :**

কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় করের অংশ হিসাবে আজ রাজ্যগুলির জন্য মোট ১ লক্ষ ৭৮ হাজার ১৭৩ কোটি টাকা রিলিজ করেছে। এর মধ্যে ত্রিপুরা পেয়েছে ১ হাজার ২৬১ কোটি টাকা। কেন্দ্রীয় করের এই অংশ দেবার ফলে এই উৎসবের মরশ্বমে রাজ্যগুলি স্বাভাবিকভাবেই উপকৃত হবে। এরফলে রাজ্যগুলির মূলধনী ব্যয় এবং উন্নয়নমূলক কাজে অর্থ ব্যয় ত্বরান্বিত হবে।

\*\*\*\*\*

### **CM-Unakoti :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উনকোটি জেলার ছন্তৈলে মনু নদীর উপর নবনির্মিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধন করেন। তিনি কৈলাসহরের দুর্গাপুরে ২০০ শয়া বিশিষ্ট যুব আবাসেরও শিলান্যাস করেন। ছন্তৈলে মনু নদীর উপর নবনির্মিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধনের ফলে উনকোটি জেলা সদর কৈলাসহরের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরও সুগম হবে। এই সেতু নির্মাণে ব্যয় হয়েছে ১৫ কোটি ৪৬ লক্ষ ১৯ হাজার ৪২৪ টাকা। সেতুটির দৈর্ঘ্য ১৬৭ মিটার। সেতুটি নির্মাণ করেছে রাজ্যের পূর্ত দপ্তরের সড়ক ও সেতু শাখা। উল্লেখ্য, ২০২০ সালের জুন মাসে এই সেতু নির্মাণের কাজ শুরু হয়েছিল। কৈলাসহরের দুর্গাপুরে যে যুব আবাসের শিলান্যাস হয়েছে তা নির্মাণ করবে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেড। যুব আবাসটি নির্মাণে ব্যয় হবে ১২ কোটি ৩৫ লক্ষ টাকা।

নবনির্মিত সেতুর উদ্বোধন ও যুব আবাসের শিলান্যাসের সময় উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, চান্দিপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায় প্রমুখ।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডাব্লিউ. ডাব্লিউ. ডাব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Aaradhy IV :**

হয়েদ্রাবাদে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১১ বছরের জাতীয় দাবার আসরে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্য দাস চতুর্থ স্থান দখল করেছে। মোট ১১ রাউন্ডের খেলায় আরাধ্য ৯ পয়েন্ট নিয়ে চতুর্থ হয়। ফলে ট্রফি সহ চার হাজার টাকা প্রাইজমানি পায়।

\*\*\*\*\*

#### **Vinu Mankar Cricket :**

ভিনু মাঁনকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা চতুর্থ ম্যাচে জয়লাভ করেছে। আজ জয়পুরে অনুষ্ঠিত বৃষ্টি বিহ্বিত খেলায় রাজ্যদল ৩৪ রানে উড়িশাকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে রাজ্যদল ৪৮ ওভার ১ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৮০ রান করে। জবাবে বৃষ্টি বিহ্বিত ম্যাচে ১৬৪ রানের লক্ষ্যে নেমে উড়িশা ৩৫ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১২৯ রান করতে সক্ষম হয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে।

\*\*\*\*\*